



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট

কার্যালয় : আলমপুর, ডাক : কদমতলী-৩১১১, উপজেলা : দক্ষিণ সুরমা, সিলেট।

web: www.sylhetboard.gov.bd

e-mail(exam section): sbcontroller16@gmail.com

স্মারক নং : সিশিবো/পনি/মাধ্য/৫০০০/৪(ক)/৫০১

তারিখ : ১৪/১০/২০১৮ খ্রিঃ

বিজ্ঞপ্তি

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট-এর আওতাভুক্ত মাধ্যমিক বিদ্যালয় সমূহের প্রধান শিক্ষক ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য ২০১৯ সালে অনুষ্ঠিতব্য মাধ্যমিক পরীক্ষায় অংশ গ্রহণে ইচ্ছুক পরীক্ষার্থীদের অনলাইনে ফরম পূরণ, নির্বাচনী পরীক্ষা গ্রহণ, পরীক্ষার ফি, জমা প্রদান ইত্যাদি সম্পর্কিত যাবতীয় তথ্যাদি যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে নিম্নে প্রদত্ত হলো।

১. **Online** এ শিক্ষার্থীদের তথ্য সম্বলিত সম্ভাব্য তালিকা (**probable list**) ওয়েব সাইটে (<https://sylhetboard.gov.bd/>) ০৬/১১/২০১৮ তারিখ থেকে প্রদর্শিত হবে। উক্ত সম্ভাব্য তালিকা থেকে ০৭/১১/২০১৮ হতে ১৪/১১/২০১৮ তারিখের মধ্যে **Online** - এ ফরম পূরণ প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। **Online** এ বিদ্যালয় কর্তৃক যথাযথভাবে ফরম পূরণের পর **Final Candidate List Download** করতে প্রিন্ট করে পরীক্ষার্থীর স্বাক্ষর গ্রহণ করতে হবে এবং প্রতি পৃষ্ঠায় প্রতিষ্ঠান প্রধান স্বাক্ষর করবেন। নিম্নে প্রদত্ত তারিখ অনুযায়ী (ব্যংক ড্রাফট না করে) সোনালী ব্যাংকের যেকোন শাখার মাধ্যমে **ABB/RMS⁺** পদ্ধতিতে সোনালী সেবার মাধ্যমে বোর্ডের নির্ধারিত “সোনালী ব্যাংক, সিলেট কর্পোরেট শাখার সঞ্চয়ী হিসাব নম্বর ৩৪১৮৭২২৬ এর অনুকূলে” টাকা জমা করত: ফরম পূরণের প্রিন্ট কপি ১ কপি হিসাব শাখায় জমা দিতে হবে। বোর্ডের হিসাব শাখা থেকে প্রাপ্ত রশিদ ও প্রিন্ট কপি (মূল কপি) পরীক্ষা শাখায় (মাধ্যমিক) জমা দিতে হবে। ১ কপি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে। উল্লেখ্য, ২০১৯ সালের এসএসসি পরীক্ষায় **eFF** এর মাধ্যমে ফরম পূরণের জন্য ২০১৮ সালের জেএস এস সি পরীক্ষার **eFF** এর মাধ্যমে ফরম পূরণের জন্য ব্যবহৃত **Password** টি ব্যবহার করতে হবে।

২. নিয়মিত পরীক্ষার্থী:

২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে নিবন্ধনকৃত সকল ছাত্র/ছাত্রী নিয়মিত পরীক্ষার্থী হিসেবে ২০১৯ সালের এস এস সি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

৩. অনিয়মিত পরীক্ষার্থী:

(ক) সকল বিষয় :

২০১৫-২০১৬, ২০১৬-২০১৭ সালে নিবন্ধিত পরীক্ষার্থীরা নিম্নবর্ণিত শর্ত পূরণ সাপেক্ষে ২০১৯ সালের এস এস সি. পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে সকল বিষয়ে অংশগ্রহণ করতে পারবে -

(i) ২০১৭ ও ২০১৮ সালের এস এস সি. পরীক্ষা বা এ দু'য়ের যে কোন একটিতে অংশগ্রহণ করে অকৃতকার্য ;

(ii) যুক্তি সংগত কারণে উক্ত পরীক্ষাসমূহে অংশগ্রহণে ব্যর্থ;

(খ) ০১ (এক) থেকে ০৪ (চার) বিষয় :

(i) ২০১৭ ও ২০১৮ সালে সকল বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করে ০১ (এক) থেকে ০৪ (চার) বিষয়ে (৪র্থ বিষয় ব্যতীত) অকৃতকার্য পরীক্ষার্থীরা রেজিঃ মেয়াদ থাকা সাপেক্ষে ০১ (এক) থেকে ০৪ (চার) অকৃতকার্য বিষয়/বিষয়সমূহে ২০১৯ সালের এস এস সি. পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। এ সকল পরীক্ষার্থী ইচ্ছে করলে সব বিষয়ে পরীক্ষায় অংশ গ্রহণ করতে পারবে। তবে ২০১৭ ও ২০১৮ সালে নিয়মিত হিসেবে পরীক্ষায় অংশগ্রহণকারী ১ থেকে ৪ বিষয়ে অকৃতকার্য পরীক্ষার্থীরা সকল বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করলে চতুর্থ বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে।

(ii) ২০১৪-২০১৫ সেশনের সর্বোচ্চ এক বিষয়ে অকৃতকার্য পরীক্ষার্থীগণ নির্দিষ্ট ফি জমাদান পূর্বক অত্র বোর্ডের বিদ্যালয় শাখা থেকে রেজিস্ট্রেশন নবায়ন করে ২০১৯ সালের এস এস সি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। নবায়ন সম্পর্কিত তথ্যাদি অত্র বোর্ডের বিদ্যালয় শাখা থেকে জানা যাবে।

(গ) শান্তি প্রাপ্ত পরীক্ষার্থী :

২০১৭ ও ২০১৮ সালের এস এস সি. পরীক্ষায় বহিস্কৃত এবং শৃঙ্খলা কমিটি কর্তৃক শান্তি প্রাপ্ত পরীক্ষার্থীগণ তাদের শান্তির মেয়াদ শেষ হলে রেজিঃ মেয়াদ থাকা সাপেক্ষে ২০১৯ সালের এস এস সি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। তবে এক্ষেত্রে তাদেরকে সকল বিষয়ে পরীক্ষায় অংশ গ্রহণ করতে হবে।

৪. জি পি এ উন্নয়ন পরীক্ষার্থী :

২০১৮ সালের এস এস সি. পরীক্ষায় উত্তীর্ণ কিন্তু জিপিএ ৫.০০ (পাঁচ) এর কম অর্থাৎ জিপিএ ১.০০ থেকে ৪.৯৪ প্রাপ্ত পরীক্ষার্থীরা রেজিঃ মেয়াদ থাকা সাপেক্ষে ২০১৯ সালের এস এস সি. পরীক্ষায় জি.পি.এ উন্নয়ন পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে। এক্ষেত্রে তাদেরকে সকল বিষয়ে পরীক্ষা দিতে হবে। তবে ০১ (এক) থেকে ০৪ (চার) বিষয়ে অংশগ্রহণ করে উত্তীর্ণ পরীক্ষার্থীরা জি.পি.এ উন্নয়নের জন্য পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে না। জি পি এ উন্নয়নের জন্য আবেদনকারী পরীক্ষার্থীদের মূল প্রবেশপত্র, একাডেমিক ট্রান্সক্রিপ্ট ও সনদপত্র eff প্রিন্ট আউটের সাথে আলাদা খামে বোর্ডের পরীক্ষা শাখায় (মাধ্যমিক) জমা দিতে হবে।

৫. **পরীক্ষার মাধ্যম:** বাংলা ও ইংরেজি ভাষার পরীক্ষায় অংশগ্রহণ করা যাবে। কোন শিক্ষা প্রতিষ্ঠানে ইংরেজি ভাষার পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক শিক্ষার্থী থাকলে শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে ০১ (এক) কপি তালিকা উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (মাধ্যমিক) এর নিকট হাতে হাতে ০৫/১১/২০১৮ তারিখের মধ্যে অবশ্যই জমা দিতে হবে। অন্যথায় তাঁর শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের ইংরেজি ভাষার পরীক্ষা গ্রহণ করা সম্ভব হবে না। এতে শিক্ষার্থীদের কোন অসুবিধা হলে শিক্ষা প্রতিষ্ঠান প্রধানই দায়ী থাকবেন।

৬. পাঠ্যসূচি :

(ক) ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের ২০১৬ সালের সিলেবাস অনুযায়ী প্রণীত প্রশ্নপত্রে পরীক্ষা অনুষ্ঠিত হবে।

(খ) ২০১৫-২০১৬, ২০১৬-২০১৭, ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের ২০১৯ সালের সিলেবাস অনুযায়ী প্রশ্নপত্রে পরীক্ষা অনুষ্ঠিত হবে।

করবে। সংশ্লিষ্ট কেন্দ্র ব্যবহারিক পরীক্ষার নম্বরের সাথে ধারাবাহিক মূল্যায়নে প্রাপ্ত নম্বর অন লাইনে (বোর্ডের ওয়েব সাইটের মাধ্যমে) বোর্ডে প্রেরণ করবে।

৭. নির্বাচনী পরীক্ষা :

জি.পি.এ উন্নয়ন এবং ০১ (এক) থেকে ০৪ (চার) বিষয়ের পরীক্ষার্থী ব্যতীত অন্যান্য সকল পরীক্ষার্থীর নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ অত্যাবশ্যিকীয়।

বিদ্যালয়ের স্বীকৃতি/পাঠদানের অনুমতি প্রাপ্তির শর্ত মোতাবেক নবম শ্রেণীতে রেজিঃকৃত শিক্ষার্থীদের কমপক্ষে ৭৫% এস এস সি পরীক্ষায় অংশগ্রহণ নিশ্চিত করতে হবে।

৮. পরীক্ষায় অংশগ্রহণের বিষয়/বিষয়সমূহ: শিক্ষার্থীর রেজি. কার্ডে উল্লিখিত বিষয়/বিষয়সমূহেই তাকে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। বোর্ডের অনুমতিক্রমে বিষয় পরিবর্তন না করে রেজি. কার্ড বহির্ভূত কোন বিষয়/বিষয়সমূহে পরীক্ষায় অংশগ্রহণ করলে অংশগ্রহণকৃত উক্ত বিষয়/বিষয়সমূহের জন্য ফলাফল প্রকাশে সৃষ্ট জটিলতার দায় বোর্ড নেবে না।

৯. নির্বাচনী পরীক্ষার ফলাফল প্রকাশের শেষ তারিখ : ০৫/১১/২০১৮

১০. বিলম্ব ফি ছাড়া বোর্ডের নির্ধারিত ব্যাংকে (উপরে ০১ নং ক্রমিকে বর্ণিত নিয়মে) ফি জমা দেয়ার শেষ তারিখ : ১৫/১১/২০১৮

১১. বিলম্ব ফি ছাড়া উপরে ০১ নং ক্রমিকে বর্ণিত নিয়মে ফি জমাদানের রশিদসহ অনলাইনে সাবমিটকৃত চূড়ান্ত পরীক্ষার্থীর তালিকা, হিসাব বিবরণী ইত্যাদি কাগজপত্র বোর্ডে জমা দেয়ার তারিখ :

সুনামগঞ্জ জেলা : ১৮/১১/২০১৮

হবিগঞ্জ জেলা : ১৯/১১/২০১৮

মৌলভীবাজার জেলা : ২০/১১/২০১৮

সিলেট জেলা (সিলেট সদর, দক্ষিণ সুরমা, গোলাপগঞ্জ ও ফেঞ্চগঞ্জ উপজেলার প্রতিষ্ঠানসমূহ) : ২২/১১/২০১৮

সিলেট জেলা (সিলেট জেলার অন্যান্য উপজেলার প্রতিষ্ঠানসমূহ) : ২৫/১১/২০১৮

১২. বিলম্ব ফি সহ অনলাইনে ফরম পূরণ : ১৬/১১/২০১৮ থেকে ২১/১১/২০১৮ তারিখ পর্যন্ত

১৩. পরীক্ষার্থী প্রতি ২০০/= হারে বিলম্ব ফি সহ উপরে ০১ নং ক্রমিকে বর্ণিত নিয়মে ফি জমাদানের শেষ তারিখঃ

(সকল জেলার জন্য) : ২২/১১/২০১৮

১৪. বিলম্ব ফি সহ উপরে ১ নং ক্রমিকে বর্ণিত নিয়মে ফি জমাদানের রশিদসহ অন্যান্য কাগজপত্রাদি বোর্ডে জমা দেয়ার শেষ তারিখ

(সকল জেলার জন্য) : ২৭/১১/২০১৮

১৫. ক্রাইব নিয়োগ :

দৃষ্টি প্রতিবন্ধী পরীক্ষার্থীদের লেখক (ক্রাইব) অষ্টম শ্রেণীর ছাত্র/ছাত্রীর মধ্য থেকে নির্বাচন করতে হবে। নির্বাচিত ছাত্র/ছাত্রীর বিবরণ ও দুই কপি সত্যায়িত ফটো এবং প্রয়োজনীয় কাগজপত্রসহ দরখাস্ত সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানের মাধ্যমে পরীক্ষা নিয়ন্ত্রকের অনুমতির জন্য আগামী ০১/০১/২০১৯ তারিখের মধ্যে পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তরে পৌঁছাতে হবে।

১৬. অন্য বোর্ডে রেজিঃকৃত ছাত্র/ছাত্রীদের রেজিস্ট্রেশন কার্ড বোর্ডের বিদ্যালয় শাখায় জমা দিয়ে বিধি মোতাবেক অত্র বোর্ডের রেজিস্ট্রেশন কার্ড সংগ্রহ করতে হবে।

১৭. ২০১৯ সালের এস এস সি পরীক্ষায় নিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণকারী সকল পরীক্ষার্থীর বয়স ১লা জানুয়ারী, ২০১৯ তারিখে অনূর্ধ্ব ২০ (বিশ) বছরের মধ্যে হতে হবে। এ নিয়ম ভঙ্গ করে ফরম পূরণ করানো হলে সৃষ্ট জটিলতার দায়-দায়িত্ব সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানকে বহন করতে হবে।

১৮. ছাড়পত্রের মাধ্যমে ভর্তিকৃত ছাত্র/ছাত্রীদের ছাড়পত্রের অনুমতির ফটোকপি ও রেজিঃ কার্ডের ফটোকপি (প্রতিষ্ঠান প্রধান কর্তৃক সত্যায়িত) আগামী ৩১/১০/২০১৮ তারিখের মধ্যে পরীক্ষা শাখায় (মাধ্যমিক) জমা দিতে হবে।

১৯. ছাড়পত্র ও মান উন্নয়ন পরীক্ষার্থীদের তালিকা ওয়েব সাইটের TC/IMPROVEMENT কলামে পাওয়া যাবে।

২০. পরীক্ষার ফি : (বোর্ডের প্রাপ্য)

পরীক্ষার্থীর প্রকার	পরীক্ষার ফি (প্রতি পত্র)	ব্যবহারিক পরীক্ষার ফি (প্রতি পত্র) *	একাডেমিক ট্রান্সক্রিপ্ট ফি (প্রতি পরীক্ষার্থী)	সনদ (প্রতি পরীক্ষার্থী)	অনিয়মিত ফি (প্রতি পরীক্ষার্থী)	অনুমতি ও তালিকাভুক্তি ফি (প্রতি পরীক্ষার্থী)	বয় স্কাউট/ গার্লস গাইড ফি (প্রতি পরীক্ষার্থী)	জাতীয় শিক্ষা সপ্তাহ ফি (প্রতি পরীক্ষার্থী)	বার্ষিক ক্রীড়া মঞ্জুরী ফি (প্রতি প্রতিষ্ঠান)	রেড ক্রিসেন্ট ফি (প্রতি পরীক্ষার্থী)	বি.এন.সি.সি ফি (প্রতি পরীক্ষার্থী)	অন লাইন ফি (প্রতি পরীক্ষার্থী)	উন্নয়ন ফি (প্রতি পরীক্ষার্থী)
নিয়মিত পরীক্ষার্থী	৯০/=	৩০/=	৪০/=	১০০/=	---	---	১৫/=	৫/=	৩০০/=	২০/=	৫/=	৫/=	৫০/=
অনিয়মিত (যারা ইতিপূর্বে পরীক্ষায় অংশগ্রহণ করেনি)	৯০/=	৩০/=	৪০/=	১০০/=	১০০/=	---	১৫/=	৫/=		২০/=	৫/=	৫/=	৫০/=
অনিয়মিত (যারা ইতিপূর্বে পরীক্ষায় অংশগ্রহণ করেছে)	৯০/=	৩০/=	৪০/=	---	১০০/=	---	১৫/=	৫/=		২০/=	৫/=	৫/=	৫০/=
জি পি এ উন্নয়ন	৯০/=	৩০/=	৪০/=	১০০/=	---	১০০/=	১৫/=	৫/=		২০/=	৫/=	৫/=	৫০/=



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট
আলমপুর, দক্ষিণ সুরমা, সিলেট।

এসএসসি-২০১৯ এর পরীক্ষার ফি সংক্রান্ত তথ্যাবলী

প্রতিষ্ঠানের নাম : ----- EINN : -----

কোড: ----- ডাকঘর ----- কেন্দ্র কোড: ----- উপজেলা: ----- জেলা : -----

। স্বীকৃতি/স্বীকৃতি নবায়ন/প্রাথমিক অনুমতির স্মারক নম্বর : -----,

তারিখ ----- ।

এতদসঙ্গে ২০১৯ সালে অনুষ্ঠিতব্য এস এস সি পরীক্ষায় বিলম্ব ফি ব্যতীত / বিলম্ব ফি সহ ----- জন ছাত্র ও -----

জন ছাত্রী সহ সর্বমোট ----- ছাত্র/ছাত্রীর বিবরণী ফরম প্রেরণ করা হলো।

ক্রমিক নং	শাখার নাম	পরীক্ষার্থীর সংখ্যা				মোট পরীক্ষার্থী	পত্র সংখ্যা	সর্বমোট পরীক্ষার্থী
		ছাত্র		ছাত্রী				
		নিয়মিত	অনিয়মিত	নিয়মিত	অনিয়মিত			
১	বিজ্ঞান							
২	মানবিক							
৩	ব্যবসায় শিক্ষা							

দাখিলকৃত ফি এর খাত ওয়ারী বিবরণী

ক্রমিক নম্বর	ফি	হার	পত্র সংখ্যা	ছাত্র/ছাত্রীর সংখ্যা	টাকার পরিমাণ	প্রদত্ত টাকার পরিমাণ
১	পরীক্ষার ফি (প্রতি পত্র)	৯০/-			৯০x	
২	ব্যবহারিক পরীক্ষার ফি (প্রতি পত্র) অর্ধশিল্প ১০/- (দশ টাকার) কেন্দ্র সচিবের নিকট জমা দিতে হবে।	২০/-			২০x	
৩	একাডেমিক ট্রান্সক্রিপ্ট ফি (প্রতি পরীক্ষার্থী)	৪০/-			৪০x	
৪	সনদপত্র ফি (প্রতি পরীক্ষার্থী, বিজ্ঞপ্তি অনুযায়ী যার ক্ষেত্রে প্রযোজ্য)	১০০/-			১০০x	
৫	অনিয়মিত ফি (প্রতি পরীক্ষার্থী) ১ থেকে ৪ বিষয়ের পরীক্ষার্থীসহ	১০০/-			১০০x	
৬	জিপিএ উন্নয়ন পরীক্ষার্থীদের অনুমতি ফি (প্রতি পরীক্ষার্থী)	১০০/-			১০০x	
৭	স্কাউট ফি (প্রতি পরীক্ষার্থী, ছেলেদের ক্ষেত্রে)	১৫/-			১৫x	
৮	গার্লস গাইড ফি (প্রতি পরীক্ষার্থী, মেয়েদের ক্ষেত্রে)	১৫/-			১৫x	
৯	জাতীয় শিক্ষা সপ্তাহ ফি (প্রতি পরীক্ষার্থী)	৫/-			৫x	
১০	বার্ষিক ক্রীড়া মঞ্জুরী ফি (বিদ্যালয় প্রতি)	৩০০/-	-	-	৩০০/-	৩০০/-
১১	রেড ক্রিসেন্ট ফি (প্রতি পরীক্ষার্থী)	২০/-			২০x	
১২	বি.এন.সি.সি (প্রতি পরীক্ষার্থী)	৫/-			৫x	
১৩	অন লাইন ফি (প্রতি পরীক্ষার্থী)	৫/-			৫x	
১৪	উন্নয়ন ফি (প্রতি পরীক্ষার্থী)	৫০/-			৫০x	
১৫	বিলম্ব ফি (প্রতি পরীক্ষার্থী প্রযোজ্য ক্ষেত্রে)	২০০/-			২০০x	
মোট :						

ব্যাংক রশিদ নম্বর : ----- তারিখ : -----

টাকার পরিমাণ (অংকে) ----- (কথায়) -----

সোনালী ব্যাংকের শাখার নাম : -----

জমাদানের তারিখ : ----- । উপরোক্ত ব্যাংক রশিদ গ্রহণ করা হলো।

গ্রহণকারী
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
সিলেট।

অধ্যক্ষ / প্রধান শিক্ষকের স্বাক্ষর
তারিখ ও সীলমোহর